# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ১৭

## আরবি মূল আয়াত:

وَ الۡاٰخِرَۃُ خَیۡرٌ وَّ اَبۡقٰی ﴿۱۷﴾

## অনুবাদসমূহ:

অথচ আখিরাত সর্বোত্তম ও স্থায়ী। — আল-বায়ান

অথচ আখিরাতই অধিক উৎকৃষ্ট ও স্থায়ী। — তাইসিরুল

অথচ আখিরাতের জীবনই উত্তম ও অবিনশ্বর। — মুজিবুর রহমান

While the Hereafter is better and more enduring. — Sahih International

### ১৭. অথচ আখিরাতই উৎকৃষ্ট(১) ও স্থায়ী।(২)

(১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আখেরাতের তুলনায় দুনিয়া তো শুধু এমন যেন তোমাদের কেউ সমুদ্রে তার আঙ্গুল ডুবিয়েছে। তারপর সে যেন দেখে নেয় সে আঙ্গুল কি নিয়ে আসতে সক্ষম হয়েছে?” [মুসলিম: ২৮৫৮]

(২) অর্থাৎ আখেরাত দু'দিক দিয়ে দুনিয়ার মোকাবিলায় অগ্রাধিকার পাওয়ার যোগ্য। প্রথমত তার সুখ, স্বাচ্ছন্দ, আরাম-আয়েশ দুনিয়ার সমস্ত নিয়ামতের চাইতে আনেক বেশী ও অনেক উচ্চ পর্যায়ের। দ্বিতীয়ত দুনিয়া ধ্বংসশীল এবং আখেরাত চিরস্থায়ী। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ১৭। অথচ পরকালের জীবনই উত্তম ও চিরস্থায়ী। [1]

[1] কেননা, পৃথিবী এবং তার সমস্ত বস্তু ধ্বংসশীল। পক্ষান্তরে পরকালের জীবনই হল চিরস্থায়ী জীবন। বলা বাহুল্য, জ্ঞানী ব্যক্তি কোন দিন চিরস্থায়ী বস্তুর উপর ধ্বংসশীল ক্ষণস্থায়ী বস্তুকে অগ্রাধিকার দেয় না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন